

ফিফা ১৭ : গেম রিভিউ

মনজুর আল ফেরদৌস

গেমের জগৎ

আল্টিমেট টিম হোক, ক্যারিয়ার মোড হোক কিংবা হোক নতুন যুক্ত হওয়া স্টারি মোড দ্য জার্নি— সব স্তরের খেলোয়াড়ের জন্যই কিছু না কিছু আছে ফিফা ১৭-তে। অনেক কিছু জানার পরও জানার আরও কিছু বাকি থেকে যায়...

০১. দ্য জার্নিতে দল বাছাই : ফিফা ১৭ খেলতে গিয়ে সবাই শুরুতেই যে অংশে সবচেয়ে আগ্রহী, তা হচ্ছে ১৭ বছর বয়সী এলেন্স হান্টারকে নিয়ে স্টারি মোডে খেলা। এই অংশে দল বাছাই একটি জরুরি অংশ। আপনি যদি এমন দল পছন্দ করেন, যারা প্রিমিয়ার লিগ খেলার লক্ষ্যে থাকে, যেমন চেলসি কিংবা ম্যানচেস্টার ইউনাইটেড বা ম্যানচেস্টার সিটি; তাহলে আপনাকে দলে জায়গা রাখতে লড়তে হবে ইব্রাহিমোভিচ কিংবা



অনেক ভালো নিয়ন্ত্রণের। রান আপের দিক এবং কোণ বদলাতে পারবেন শট নেয়ার

আপনি শট খেলার আগেই প্লেয়ার এট্রিবিউট দেখে নিতে পারবেন। পাওয়ার বারের ঠিক মাঝামাঝিতে হিট করতে পারলে আপনার সফলতার সম্ভাবনা বেশি থাকবে, আর যদি বলের ঠিক লাইন বরাবর সোজাসুজি পায়ের বাইরের দিক দিয়ে শট খেলেন, তাহলে রবার্তো কার্লোসের মতো দেয়ালের বাইরে দিয়ে গোল করতেও

ওপর নির্ভর করবে আপনার কিক করা বলের গতি। সাথে শুটের বোতামেও আঙুল চালাতে হবে। ভুল হওয়ার সম্ভাবনা থেকেই যায়।

০৪. মিস্টার ড্রিবলদের থামানো : মেসি বা নেইমারদের মতো খেলোয়াড়দের নিয়ে আগের মতো আর সবাইকে ড্রিবলিং দিয়ে বোকা বানিয়ে যেতে পারবেন না। দুইজনকে পার করতে কর্তেই রক্ষণভাগের অন্য খেলোয়াড়েরা এগিয়ে আসবেন আর থামাতে সাহায্য করবেন ড্রিবলিংয়ের রাজকুমারদের। যদি আপনি পাসিং দলের হন, যেমন বার্সেলোনা, দশটি পাসের পরপরই খেলা এগিয়ে যাবে আরও ভালোভাবে।

ক্রমাগত ফিফা সিরিজে কাজ করে এগিয়ে নিয়ে যাওয়া এই গেমের রোমাঞ্চ এখানেই শেষ হচ্ছে না। খেলতে খেলতে আপনি আবিষ্কার করবেন আরও অনেক কিছু। আর আমরাও খুঁজে নিয়ে আসব আরও নতুন খবর, টিপস আর ট্রিকস। নতুন ক্যারিয়ারের জন্য শুভ কামনা রইল।



আগুয়েরোদের সাথে, যা আপনার জন্য অবশ্যই কঠিন হবে। আর যদি এরচেয়ে সহজ দলগুলো বাছাই করেন, তাহলে আপনার খেলে যাওয়াটাও সহজ হয়ে আসবে।

০২. ফ্রি-কিক : সেট পিসগুলো এখন আরও চ্যালেঞ্জিং, একই সাথে আপনি সুযোগ পাচ্ছেন আগের চেয়ে

আগে। খেলোয়াড়ভেদে বদলে যাবে ফ্রি-কিক নেয়ার কৌশলও। বলের বাঁক নিয়ন্ত্রণের ক্ষেত্রে আপনি যদি নেটের বেশ দূরে শট খেলেন আর শট খেলা খেলোয়াড়ের বাঁকের রেটিং ৭৫-এর কম, তাহলে আপনার পাঠানো বল ঠিক জায়গায় পৌঁছাবে না। ভালো খবর হচ্ছে,

পারবেন। কিন্তু সফলতা খুব সহজ হবে না, প্রচুর পরিশ্রম করতে হবে।

০৩. পেনাল্টি কিক : বদলে গেছে পেনাল্টি কিকও। খেলোয়াড়কে পছন্দমতো লাইনে আনতে পারবেন। দৌড় লাগাতে পারবেন, আবার গতি কমাতেও পারবেন। আর এর